Recruitment Guideline

(সংশোধিত)

Recruitment: কমিটির রুপরেখা, কমিটির কর্মপরিধি

নিয়োগ কমিটির গঠন নিম্নরুপ:

ক্রমিক	কমিটি সদস্যদের পদবী	প্রকৃত পদবী
০১	সভাপতি	বিভাগীয় পরিচালক, রংপুর
০২	সদস্য সচিব	সিভিল সার্জন
০৩	সদস্য	হাসপাতাল সুপার (তত্ত্বাবধায়ক, জেলা হাসপাতাল) / প্রতিনিধি
০৪	সদস্য	কোয়ালিটি ইম্প্রুভমেন্ট সেক্রেটারিয়েট (QIS), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি
০৫	সদস্য	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর
০৬	সদস্য	জেলা প্রশাসক কার্যালয়র এর প্রতিনিধি
০৭	সদস্য	জেলা সমাজকল্যাণ কর্মকর্তা
০৮	সদস্য	UNICEF এর প্রতিনিধি

কমিটির কর্মপরিধি :

০১. অনুমোদিত কমিটি গাইডলাইন অনুসরন পূর্বক উল্লেখিত পদসমূহের সামগ্রিক নিয়োগ প্রক্রিয়া সম্পাদন করবেন।

০২. কমিটি কর্তৃক নিয়োগ প্রক্রিয়াতে সরকারী নিয়মের কোন ব্যত্যয় ঘটানো যাবেনা।

০৩. উর্ধ্বতন কর্মকর্তাগনের অনুমোদন ছাড়া কমিটিতে কোন সদস্য সংযোজন / বিয়োজন করা যাবেনা।

০৪. জেলার Local একটি সংবাদপত্রে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে এবং জেলা হাসপাতাল ও সিভিল সার্জন / উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অফিসের নোটিশবোর্ডে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

০৫. দরখাস্ত আহবানের শেষ দিন এবং বিজ্ঞপ্তি প্রকাশিত হবার মধ্যে ১ সপ্তাহ সময় প্রদান করতে হবে।

০৬. প্রতিটি সুনির্দিষ্ট পদের TOR অনুযায়ী যাচাই করে কমিটি দরখাস্ত আবেদনের শেষদিন থেকে ৩ দিনের মধ্যে Shortlisting করতে হবে।

০৭. Shortlisting সাপেক্ষে ইস্যুকৃত Interview Card ডাকযোগে ও Email এ ৩ দিনের মধ্যে Candidate দের প্রেরন করতে হবে।

০৮. ইন্টারভিউ কার্ড ইস্যুর ৫ থেকে ১০ দিনের মধ্যে Viva পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৯. যে পদের ইন্টারভিউ যে দিনে হবে সেদিনে (একই দিনে) Selected Candidate দের নিয়োগপত্র ইস্যু করতে হবে।

১০. চূড়ান্ত ফলাফলে উত্তীর্ন প্রার্থীদের ডাকযোগে নিয়োগপত্র প্রেরন করতে হবে এবং ১০ দিনের মধ্যে যোগদান করতে বলা হবে।

১১. মৌখিক পরীক্ষার স্থান, সময়সূচী কমিটি নির্ধারন করবে।

১২. মৌখিক পরীক্ষার জন্য মোট ৫০ নম্বর বরাদ্দ করতে হবে।

১৩. পুরো প্রক্রিয়ার ব্যায় নির্বাহের জন্য ৬০,০০০ (ষাট হাজার) টাকা Maximum বরাদ্দ করা যাবে, যা প্রয়োজনীয় Voucher, কাগজপত্র দেখানো সাপেক্ষে Reimburse করা যাবে।

উন্নয়ন সহযোগী UNICEF এর আর্থিক সহায়তায় কুড়িগ্রাম জেলায় নিম্নলিখিত পদসমূহে সম্পূর্ন অস্থায়ী চুক্তিভিত্তিক জনবল নিয়োগ করা হবে।

০১. **পদের নাম** : **জেলা কো অর্ডিনেটর**
সংখ্যা : ০১ জন
শিক্ষাগত যোগ্যতা : এমবিবিএস / এমপিএইচ (MBBS/MPH)
বেতন : ৫০,০০০/- (মাসিক)
কর্মপরিধি / দায়িত্ব :-

- কুড়িগ্রাম জেলার ৫টি নির্বাচিত ফ্যাসিলিটিতে BMGF সাপোর্টেড কোয়ালিটি ইমপ্রুভমেন্ট প্রোজেক্টের বাস্তবায়ন, মনিটরিং ও ইভালুয়েশনে প্রয়োজনীয় টেকনিক্যাল সহায়তার জন্য রংপুর বিভাগ, কুড়িগ্রাম জেলা ও এর আওতাধীন ৫টি প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট গভঃমেন্ট স্টেকহোল্ডারদের মধ্যে সমন্বয় নিশ্চিত করা।
- নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের স্বাস্থ্য সেবা দানকারীদের দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজনীয় কারিগরী ও মাঠ পর্যায়ের সহায়তা প্রদানের মাধ্যমে প্রোজেক্টটির বাস্তবায়ন, মনিটরিং ও কার্যক্রমের এ্যাসেসমেন্টে সাহায্য করা।
- জেলা ও উপজেলার ম্যানেজার এবং স্বাস্থ্য সেবা দানকারীদের মধ্যে প্রজেক্টের অগ্রগতি সম্পর্কে আপডেট জানানো ও সেই অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন নিশ্চিত করা।
- জেলা ও উপজেলার QIC মিটিং এ গৃহীত সিদ্ধান্ত সমূহ (বিশেষত BMGF সম্পর্কিত সিদ্ধান্ত সমূহ) বাস্তবায়নে টেকনিক্যাল সহায়তা প্রদান।
- সরকারী বিভিন্ন সংস্থা (যেমনঃ IMCI, CBHC, MNH, IPHN/NNS, HMIS, ESD ইত্যাদি) ও BMGF সাপোর্টেড কোয়ালিটি ইমপ্রুভমেন্ট প্রজেক্টের সাথে সংশ্লিষ্ট অন্যান্য অংগ সংগঠন গুলোর সাথে লিয়াজো, যোগাযোগ স্থাপন ও সমন্বয় রক্ষা করা।
- নির্বাচিত প্রতিষ্ঠান গুলোতে নিয়মিত মাঠ-পরিদর্শনের মাধ্যমে উপজেলা ম্যানেজারদের কাছে প্রতিষ্ঠান সমূহে প্রোজেক্টের বাস্তবায়নের ক্ষেত্রে সৃষ্ট প্রতিবন্ধকতা ও ত্রুটি সমূহ তুলে ধরা এবং এ থেকে উত্তরণে প্রয়োজনীয় করণীয় সমূহের দিকে আলোকপাত করা।
- এই প্রোজেক্টের বাস্তবায়নে আসন্ন প্রতিবন্ধকতা সমূহ দূর করতে নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের পরিচালক ও সেবা দানকারীদের প্রয়োজনীয় কারিগরি সহায়তা ও দিক নির্দেশনা প্রদান।
- 5S-CQI-TQM এর গাইডলাইন মাফিক মা ও শিশুস্বাস্থ্য (MNCH) এবং পুষ্টি কার্যক্রম-এর বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও পর্যালোচনার ক্ষেত্রে নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের পরিচালক ও সেবা দানকারীদের প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান।
- ইউনিসেফ সমর্থিত কোয়ালিটি ইমপ্রুভমেন্ট প্রোগ্রাম সমূহ এবং রোলিং ওয়ার্ক প্ল্যান ২০১৫-১৬ (Rolling Work Plan 2015-16) অনুযায়ী MNCAH এর কোয়ালিটি অংশের সঠিক বাস্তবায়ন, ভুল-ত্রুটি পর্যবেক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা, ফলাফল অর্জন ও নিয়মিত রিপোর্টিং-এ BCO এবং জোনাল অফিসের সহকর্মীদের সাথে একযোগে কাজ করা।
- নির্বাচিত স্বাস্থ্য সেবা দানকারী প্রতিষ্ঠানসমূহ থেকে প্রাপ্ত প্রোজেক্টের সাথে সম্পর্কিত QI নির্দেশকসমূহের নিয়ম মাফিক প্রতিবেদন পর্যবেক্ষণে কারিগরি সহায়তা প্রদান।
- প্রোজেক্ট সংশ্লিষ্ট অন্য যেকোন অর্পিত দায়িত্ব/কাজ।

অভিজ্ঞতা : বেসরকারী সংস্থায় (স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান) কাজের ন্যূনতম দুই বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

০২. পদের নাম : মেডিকেল অফিসার

সংখ্যা : ১৩ জন

শিক্ষাগত যোগ্যতা : এমবিবিএস (MBBS)

বেতন : ৪০,০০০/- (মাসিক)

কর্মপরিধি / দায়িত্ব :-

- নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের মা ও নবজাতকের স্বাস্থ্যসেবা সম্পর্কিত কার্যক্ষেত্র সমূহে EMEN স্ট্যান্ডার্ড বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করা।
- নিজ নিজ প্রতিষ্ঠানে Quality Team সমূহের EMEN স্ট্যান্ডার্ড মাফিক কার্যকারিতা নিশ্চিত করতে টীম সমূহকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
- EMEN স্ট্যান্ডার্ড-এর ক্লিনিক্যাল বিষয় সমূহের বাস্তবায়ন নিশ্চিত করতে নিয়মিত নার্স ও অন্যান্য স্বাস্থ্য সেবা দানকারীদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।
- নিয়মিত তথ্য সংগ্রহ কার্যক্রম সচল রাখতে ও প্রাপ্ত তথ্য সমূহের গুণগত মান নিশ্চিত করতে প্রতিষ্ঠানের পরিসংখ্যানবিদ, নার্সদের কারিগরি সহায়তা ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।
- EMEN স্ট্যান্ডার্ডসমূহ বাস্তবায়নে কেন্দ্রীয়, জেলা ভিত্তিক ও স্থানীয় কর্তৃপক্ষের সাথে হালনাগাদ থাকা ও সমন্বয় রক্ষা করা।
- কেন্দ্রীয় পর্যায়ে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়-এর সাথে নিয়মিত সমন্বয় সাধন ও রিপোর্টিং নিশ্চিত করা।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় নির্দেশিত ও প্রোজেক্টের প্রয়োজনে অন্য কোনো অর্পিত দায়িত্ব পালন।

০৩. পদের নাম : নার্স

সংখ্যা : ১২ জন

শিক্ষাগত যোগ্যতা : নার্সিং এ ডিপ্লোমা (Diploma in Nursing)

বেতন : ১৫,০০০/- (মাসিক)

কর্মপরিধি / দায়িত্ব :-

- নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের মা ও নবজাতকের স্বাস্থ্যসেবা সম্পর্কিত কার্যক্ষেত্র সমূহে EMEN স্ট্যান্ডার্ড বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করা।
- QI মিটিং পরিচালনা, কার্যপরিকল্পনা প্রণয়ণ এবং Quality Team সমূহের EMEN স্ট্যান্ডার্ড মাফিক কার্যকারিতা নিশ্চিত করতে টীম সমূহকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
- স্ট্যান্ডার্ড ও গাইডলাইন অনুযায়ী মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান।
- পরিসংখ্যানবিদের সাথে সংযোগ স্থাপন পূর্বক নিয়মিত স্বাস্থ্যসেবা সম্বলিত তথ্য সমূহ সংগ্রহ ও রেকর্ড রাখা এবং EMEN স্ট্যান্ডার্ড বাস্তবায়নের হালনাগাদ পরিস্থিতি সম্পর্কে নিয়ম মাফিক উর্ধ্বতন কর্তৃপক্ষ/পরিচালক বরাবর পেশ করা।
- কেন্দ্রীয় পর্যায়ে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়-এর সাথে নিয়মিত সমন্বয় সাধন ও রিপোর্টিং নিশ্চিত করা।
- কে এম সি কর্ণার, এন এস ইউ, লেবার রুম, অপারেশন থিয়েটার ইত্যাদি বিভাগে রোস্টার ডিউটি অনুযায়ী ২৪ ঘন্টা মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান ।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় নির্দেশিত ও প্রোজেক্টের প্রয়োজনে অন্য কোনো অর্পিত দায়িত্ব পালন।

০৪. পদের নাম : কাউন্সিলর

সংখ্যা : ১০ জন

শিক্ষাগত যোগ্যতা : স্নাতক ডিগ্রি পাশ (BA)

বেতন : ১২,০০০/- (মাসিক)

কর্মপরিধি / দায়িত্ব :-

- নির্ধারিত সেবাকেন্দ্র সমূহের মা ও শিশু স্বাস্থ্যসেবা ক্ষেত্র গুলোতে (এএনসি-পিএনসি কর্ণার, কেএমসি কর্ণার) কাউন্সিলিং-এ সার্বিক সহযোগীতা করা।

- নিয়মিত QI মিটিং-এ অংশগ্রহণ ও তাতে গৃহীত কর্মপরিকল্পনা সমূহ বাস্তবায়নের মাধ্যমে Quality Team সমূহের EMEN স্ট্যান্ডার্ড মাফিক কার্যকারীতা নিশ্চিত করতে টীম সমূহকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
- পরিসংখ্যানবিদের সাথে সংযোগ স্থাপন পূর্বক নিয়মিত স্বাস্থ্যসেবা সম্বলিত তথ্য সমূহ সংগ্রহ ও রেকর্ড রাখা এবং EMEN স্ট্যান্ডার্ড বাস্তবায়নের হালনাগাদ পরিস্থিতি সম্পর্কে নিয়ম মাফিক উর্ধ্বতন কর্তৃপক্ষ/পরিচালক বরাবর পেশ করা।
- গাইডলাইন অনুযায়ী কাউন্সিলিং বিষয়ক দক্ষতার অনুশীলন ও হালনাগাদ কারিগরী জ্ঞানের চর্চা অব্যহত রাখা।
- কেন্দ্রীয় পর্যায়ে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়-এর সাথে নিয়মিত সমন্বয় সাধন ও রিপোর্টিং নিশ্চিত করা।
- কে এম সি কর্ণার, এন এস ইউ, লেবার রুম, অপারেশন থিয়েটার ইত্যাদি বিভাগে রোস্টার ডিউটি অনুযায়ী ২৪ ঘন্টা মা ও শিশু স্বাস্থ্য সেবাপ্রদান।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় নির্দেশিত ও প্রোজেক্টের প্রয়োজনে অন্য কোনো অর্পিত দায়িত্ব পালন।

০৫. পদের নাম : রিসেপশনিস্ট
সংখ্যা : ১০ জন
শিক্ষাগত যোগ্যতা : স্নাতক ডিগ্রি পাশ (BA)
বেতন : ১০,০০০/- (মাসিক)
কর্মপরিধি / দায়িত্ব :-

- মা ও শিশু স্বাস্থ্য সেবা গ্রহীতাদের সাদরে অভ্যর্থনার মাধ্যমে রিসিভ করা।
- নিয়মিত QI মিটিং-এ অংশগ্রহণ এবং প্রাসঙ্গিক তথ্য ও কার্যপরিকল্পনা সম্পর্কে হালনাগাদ থাকা।
- মা ও শিশু স্বাস্থ্য সেবার সঠিক বাস্তবায়ন নিশ্চিতকল্পে কর্মস্থলের পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক ইস্যু সমূহের ব্যাপারে ম্যানেজারদের নিয়মিত হালনাগাদ অবহিতকরন।
- প্রয়োজন অনুসারে মা ও শিশু স্বাস্থ্যসেবা সম্পর্কিত পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষায় সহায়তা প্রদান করা।
- প্রোজেক্টের প্রয়োজনে অন্য কোনো অর্পিত দায়িত্ব পালন।

০৬. পদের নাম : গার্ড / চৌকিদার
সংখ্যা : ২ জন
শিক্ষাগত যোগ্যতা : এসএসসি
বেতন : ৬,০০০/- (মাসিক)
কর্মপরিধি / দায়িত্ব :-

- মা ও শিশু স্বাস্থ্য সেবা সম্পর্কিত ক্ষেত্রসমূহে নিরাপত্তা নিশ্চিত করা।
- নিয়মিত QI মিটিং-এ অংশগ্রহণ এবং প্রাসঙ্গিক তথ্য ও কার্যপরিকল্পনা সম্পর্কে হালনাগাদ থাকা।
- মা ও শিশু স্বাস্থ্য সেবার সঠিক বাস্তবায়ন নিশ্চিতকল্পে কর্মস্থলের নিরাপত্তা বিষয়ক ইস্যু সমূহের ব্যাপারে ম্যানেজারদের নিয়মিত হালনাগাদ অবহিতকরন।
- প্রোজেক্টের প্রয়োজনে অন্য কোনো অর্পিত দায়িত্ব পালন।

০৭. পদের নাম : ক্লিনার
সংখ্যা : ১৭ জন
শিক্ষাগত যোগ্যতা : এসএসসি
বেতন : ৬,০০০/- (মাসিক)
কর্মপরিধি / দায়িত্ব :-

- মা ও শিশু স্বাস্থ্য সেবা সম্পর্কিত ক্ষেত্রসমূহ নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখা।
- নিয়মিত QI মিটিং-এ অংশগ্রহণ এবং প্রাসঙ্গিক তথ্য ও কার্যপরিকল্পনা সম্পর্কে হালনাগাদ থাকা।
- মা ও শিশু স্বাস্থ্য সেবার সঠিক বাস্তবায়ন নিশ্চিতকল্পে কর্মস্থলের পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক ইস্যু সমূহের ব্যাপারে ম্যানেজারদের নিয়মিত হালনাগাদ অবহিতকরন।
- প্রোজেক্টের প্রয়োজনে অন্য কোনো অর্পিত দায়িত্ব পালন।

বর্নিত জনবল নিয়োগে একটি কমিটি গঠন করা হয়েছে এবং তার TOR সংযুক্ত করা হল। কমিটি সরকারী নিয়মের সাথে সামঞ্জস্য পূর্নভাবে নিয়োগ দান সম্পন্ন করবে। এ নিয়োগদানের ব্যয়ভার DPA (Direct Project Aid) থেকে নির্বাহ করা হবে এবং স্থায়ী হবার কোন সম্ভাবনা নেই।

প্রাথমিকভাবে ৬ মাসের চুক্তি ভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। পরবর্তী পর্যায়ে বাজেট প্রাপ্তি সাপেক্ষে এবং কর্মসম্পাদন পর্যালোচনা পূর্বক বর্ধিত হবার সম্ভাবনা আছে।